

وَعَدَ اللَّهُ الَّذِينَ آمَنُوا مِنكُمْ وَعَمِلُوا الصَّالِحَاتِ لَيَسْتَخْلِفَنَّهُمْ فِي الْأَرْضِ كَمَا اسْتَخْلَفَ  
الَّذِينَ مِن قَبْلِهِمْ وَلَيُمَكِّنَنَّ لَهُمْ دِينَهُمُ الَّذِي ارْتَضَىٰ لَهُمْ وَلَيُبَدِّلَنَّهُم مِّن بَعْدِ خَوْفِهِمْ أَمْنًا  
يَعْبُدُونَنِي لَا يُشْرِكُونَ بِي شَيْئًا وَمَن كَفَرَ بَعْدَ ذَلِكَ فَأُولَٰئِكَ هُمُ الْفَاسِقُونَ ﴿



নং: ১৪৪৫-০৩/১১

সোমবার, ২৭ রবিউল আউয়াল,

৩০/০৯/২০২৪ ইং

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

প্রেস বিজ্ঞপ্তি

সাংবাদিক মাহমুদুর রহমানকে কারাগারে পাঠিয়ে অন্তর্বর্তীকালীন সরকার হাসিনার যুলুমের শাসনের ঐতিহ্য অব্যাহত রাখা হয়েছে

ক্ষমতচ্যুত শেখ হাসিনার ছেলে সজীব ওয়াজেদ জয়কে অপহরণ ও হত্যাচেষ্টার অভিযোগে দায়ের করা মিথ্যা মামলায় আত্মসমর্পণ করার পর দৈনিক আমার দেশ পত্রিকার সাবেক ভারপ্রাপ্ত সম্পাদক মাহমুদুর রহমানকে রোববার কারাগারে পাঠিয়েছে ঢাকার একটি আদালত। হিব্বুত তাহরীর / উলাই'য়াহ্ বাংলাদেশ, অন্তর্বর্তীকালীন সরকারের এই ঘৃণ্য পদক্ষেপটির তীব্র নিন্দা জানাচ্ছে। আমরা এই সরকারকে বলতে চাই ভুলে যাবেন না, আপনাদের উৎপত্তি ঘটেছে গণমানুষের বৈষম্য বিরোধী ও যুলুম বিরোধী গণআন্দোলন থেকে। স্বাভাবিকভাবেই জনগণ প্রত্যাশা করে, আপনাদের কর্মকাণ্ডগুলো বৈষম্যবিরোধী নীতিগুলোকে প্রতিফলিত করবে। তারা আকাঙ্ক্ষা করে যে, আপনারা নিজেদেরকে পূর্বের অত্যাচারী হাসিনা সরকার থেকে সম্পূর্ণ ভিন্নরূপে উপস্থাপন করবেন। কিন্তু দুঃখজনকভাবে আমরা প্রত্যক্ষ করেছি, এই সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসই তার সব মামলায় খালাস পেয়েছেন। এছাড়া আরেক উপদেষ্টা আদিলুর রহমান খানের দুই বছরের কারাদণ্ড হাইকোর্ট বাতিল করেছে। কিন্তু যখন হাসিনার যুলুমের বিরুদ্ধে সর্বদা অটল থাকা সাহসী মাহমুদুর রহমানের কথা আসে, তখন তাকে 'আইনের স্বাভাবিক পথ' অনুসরণের অজুহাতে জেলে পাঠানো হয়, আর অন্তর্বর্তীকালীন সরকারের উপদেষ্টাদের মামলার খালাসের বেলায় 'আইনের ভিন্ন পথ' দেখা যায়!

সুতরাং, আমরা অন্তর্বর্তীকালীন সরকারের নিকট আস্থান জানাচ্ছি, অবিলম্বে জনাব মাহমুদুর রহমানকে মুক্তি দিন এবং তাকে সকল মিথ্যা মামলা থেকে অব্যাহতি প্রদান করুন। অন্যথায়, পতনশীল হাসিনা সরকারের বৈষম্যের উত্তরাধিকারীতা অব্যাহত রাখার অপরাধে বাংলাদেশের জনগণ আপনাদের বিরুদ্ধে কঠোর অবস্থান নিতে দ্বিধা করবে না।

হিব্বুত তাহরীর / উলাই'য়াহ্ বাংলাদেশ-এর মিডিয়া অফিস